



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৫৮

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ
১১ ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৬৮তম কমিশন সভা অদ্য ১১/১২/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. ইস্টার্ন ব্যাংক লিমিটেড (ইস্যুয়ার) এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Floating Rate Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Floating Rate, Non-convertible, Fully redeemable, Unsecured, Unlisted subordinated bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানসমূহ, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, বৈদেশিক উন্নয়নমূলক আর্থিক প্রতিষ্ঠানসমূহ (Offshore Development Financial Institutions) এবং কর্পোরেটস প্রতিষ্ঠানসমূহকে প্রাইভেট প্রোসেমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ইস্টার্ন ব্যাংক লিমিটেড Tier-II Capital Base শক্তিশালী করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে যথাক্রমে সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিঃ এবং ইবিএল ইনভেস্টমেন্ট লিমিটেড কাজ করছে।
২. প্যাসিফিক ডেনিমস লিঃ (ইস্যুয়ার) এর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর তহবিল ব্যবহার (fund utilization) পরিষ্কার জন্য কমিশন, মেসার্স ম্যাবস অ্যান্ড জে পার্টনার্স, চার্টার্ড একাউন্টেন্টস কে বিশেষ নিরীক্ষক নিয়োগ করে। নিরীক্ষক তার নিরীক্ষা প্রতিবেদনে নিম্ন লিখিত বিষয়সমূহ উল্লেখ করেনঃ:
 - ক) প্রাথমিক গণপ্রস্তাব সংক্রান্ত প্রসপেক্টাসে ব্যাংক ঋণ পরিশোধের যে সময়সূচি ছিল, সে অনুযায়ী কোম্পানী উক্ত ব্যাংক ঋণ পরিশোধ করেনি; এবং
 - খ) কোম্পানী তাদের খরচ নির্বাহ করার ক্ষেত্রে ৫৯,১১,৭৫৯ টাকা সম্মতিপত্রের শর্ত ভঙ্গ করে নগদে খরচ করেছে।

উপরোক্ত কার্যাবলীর মাধ্যমে প্যাসিফিক ডেনিমস লিঃ, কমিশন এর সম্মতি পত্র নং- বিএসইসি/সিঅঅই/আইপিও-২৩১/২০১৪/৬৩২ তারিখ নভেম্বর ১০, ২০১৬ এর পার্ট সি এর প্যারা ২, ৫ এবং ৬ ভঙ্গ করেছে।

এছাড়া প্যাসিফিক ডেনিমস লিঃ নিরীক্ষা কার্যে কমিশনের নিযুক্ত বিশেষ নিরীক্ষককে সহায়তা করেনি। নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী প্রাথমিক গণপ্রস্তাব থেকে উত্তোলিত তহবিলের ২০,৯৮,০৬,৬২৫ টাকা (যা ভবন নির্মাণ খাতে দেখানো হয়েছে) অপব্যবহার করেছে এবং কমিশনে মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে।



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন


সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

উক্ত আইনসমূহ লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় প্যাসিফিক ডেনিমস লিঃ (ইস্যুয়ার) এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রত্যেক পরিচালককে (স্বতন্ত্র পরিচালক ব্যতীত) ০৩ (তিন) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও, একই রশিদে একাধিকবার টাকা পরিশোধের মাধ্যমে বিপুল পরিমাণ অর্থ অবৈধ লেনদেন করায় কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক উক্ত অর্থ কোম্পানীতে ফেরত প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ পূর্বক জানুয়ারী ৩১, ২০১৯ সালের মধ্যে প্রমানাদিসহ কমিশনকে অবহিত করবে মর্মেও কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. আলী সিকিউরিটিজ কোঃ লিঃ তাদের সমন্বিত গ্রাহক হিসাবে (Consolidated Customer Account) ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A- এর sub-rule (2) ভঙ্গ করেছে। একই ব্যাংকে একাধিক সমন্বিত গ্রাহক হিসাব পরিচালনার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) ভঙ্গ করেছে। গ্রাহকের নগদ হিসাবে চুক্তি বহির্ভূতভাবে ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(1) এবং Rule 3(2) ভঙ্গ করেছে। এছাড়াও ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক নগদ গ্রহণের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) ভঙ্গ করেছে।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় আলী সিকিউরিটিজ কোঃ লিঃ -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর বিধি ৩১(২) মোতাবেক সন্ধানী লাইফ ইউনিট ফান্ড- এর দুই-তৃতীয়াংশের বেশী ইউনিট মালিকগণের মতামতের ভিত্তিতে এবং ফান্ডটির ট্রাস্টি, বাংলাদেশ জেনারেল ইস্যুরেন্স কোঃ লিঃ এর আবেদনের প্রেক্ষিতে বর্তমান সম্পদ ব্যবস্থাপক, আলিফ এ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ এর পরিবর্তে নতুন সম্পদ ব্যবস্থাপক অ্যালায়েন্স ক্যাপিটাল এ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ এর নিয়োগের ব্যাপারে কমিশন সম্মতি প্রদান করেছে।


২২/১২/২০১৬

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।